# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

## অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (১) ধারা মোতাবেক

## মোকাম- যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত, নরসিংদী।

### অর্থজারী মোকদ্দমা নং-৩৫/২০২৪

**সোনালী ব্যাংক পিএলসি,** স্থানীয় কার্যালয়, ৪২-৪৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০. যাহার অন্যতম শাখা সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

............ডিক্রীদার।

**-বনাম-**

১. **"মেসার্স কালার ফেব্রিক্স লিমিটেড",** কারখানা- সং-ছোট রামচন্দ্রদি, নুলাপুর, মাধবী নরসিংদী, অফিস সং- ৫৩/০১, এস এ মালেহ রোড, হাজী প্লাজা (১ম তলা), টানবাজার, নারায়নগঞ্জ।

২. **কে. এম. আলম, চেয়ারম্যান,** "মেসার্স কালার ফেব্রিক্স লিমিটেড", পিতা-মৃত কে এম মতিন, বর্তমান ঠিকানা- ১০, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা।

৩. **জনাব, মোঃ সানাউল হক,** ব্যাবস্থাপনা পরিচালক, "মেসার্স কালার ফেব্রিক্স লিমিটেড" পিতা- আব্দুল মতিন মোল্লা, ঠিকানা: ১৭০, মুরাদপুর হাইস্কুল রোড, জুরাইন, ঢাকা-১২০৪।

............দায়িকগণ

অনুমোদিত

জজ
অর্থ ঋণ ১ম আদালত
নরসিংদী।

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকের নিকট থেকে ডিক্রীদার ব্যাংকের নিকট বিগত ৩০.০৬.২০২২ ইং তারিখ পর্যন্ত **২৮,৯০,৮৯,৮৬৬.০০/- (আটাশ কোটি নব্বই লক্ষ উনানব্বই হাজার আটশত ছিষট্টি দশমিক শূন্য শূন্য) টাকা** আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আগামী ------৩০/৯/২৫------ ইং তারিখ নিম্নরুপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রি করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

১. আগামী ---৩০/৯/২৫--- ইং তারিখে বেলা ০২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২. নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।

৪. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত্ত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত্ত দর-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ-৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার অর্থঋণ আদালত নং-১, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫. দর দাতার অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬. দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে ঐ একই দিন অর্থাৎ -------------------৩০/৯/২৫ ইং তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭. দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা শায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভুমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহণ করতে হবে।

৯. উপরে বর্ণিত ক্রমিক নং ৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহা অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে। এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবেন, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং

তাহা করিতে ব্যর্থ হইলে, তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০. দরপত্র জমা দেওয়ার পর ডিক্রীর প্রস্তাবিত সম্পত্তির গুণ, মাণ, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১. দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেয়া হবে।

১২. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. সম্পত্তি রেজিষ্ট্রেশণ সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করতে হবে।

১৪. আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকুলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১৫. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকের অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

## তফসিল

০১। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- নরসিংদী সদর, ইউনিয়ন- নুরালাপুর, জে.এল নং- সি.এস-৩৫৬, এস.এ-৯৩, আর.এস-৮৬, মৌজাঃ ছোট রামচন্দ্রদিস্থিত- খতিয়ান নং- সি.এস-৮০/০১, এস.এ-৮৩, আর.এস-১৯১, নামজারী খতিয়ান নং- ৬৯৯, দাগ নং-সি এস ও এস এ-২৩১ (দুইশত একত্রিশ) আর এস-৬০৩ (ছয়শত তিন) নং দাগের ৩১ শতাংশ ভূমি এবং তদস্থিত নির্মিত/নির্মিতব্য ইমারত, স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি, কলকজা ও আনুষঙ্গিক যন্ত্রাংশ, প্রাথমিক মজুদ মালামাল, স্টোর্স এন্ড স্পেয়ার পার্টস ইত্যাদিসহ যাহার চৌহদ্দি-উত্তরে-সুলতান, দক্ষিণে-রাস্থা, পূর্বে-তারা মিয়া, পশ্চিমে-আব্দুল জলিল গং।

০২। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- নরসিংদী সদর, ইউনিয়ন- নুরালাপুর, জে.এল নং- সি.এস-৩৫৬, এস.এ -৯৩, আর.এস-৮২, মৌজাঃ ছোট রামচন্দ্রদিতি- খতিয়ান নং- সি.এস-১০৪,৯৮, এস.এ-১২৪,১১৮, আর.এস-৩৬,১৬৪, নামজারী খতিয়ান নং- ৭৭৭, দাগ নং-সি এস ও এস এ-২৪৮ (দুইশত আটচল্লিশ) আর এস-২৩০ (দুইশত ত্রিশ) আর এস-৬৪২ (ছয়শত বিয়াল্লিশ), ৬০৫ (ছয়শত পাচ), জমির পরিমাণ (০৬+১৭) = ২৩ (তেইশ) শতাংশ ভূমি। যাহার চৌহদ্দি-উত্তরে-মোবারক ও সামসুল হক গং, দক্ষিণে-কালার ফেব্রিক্স লিমিটেড, পূর্বে-ফিরোজ মিয়া, পশ্চিমে-মোহাম্মদ আলী।

জজ
অর্থ ঋণ ১ম আদালত
নরসিংদী।

আদেশক্রমে- সেরেস্তাদার (ভা:)

যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত

নরসিংদী।

# <u>নিলাম দরপত্র বিজ্ঞপ্তি জারীর নিমিত্তে নাজিরের প্রতি নোটিশ</u>

## অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (১) ধারা মোতাবেক

## মোকাম- যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত, নরসিংদী।

## <u>অর্থজারী মোকদ্দমা নং-৩৫/২০২৪</u>

সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, ৪২-৪৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০. যাহার অন্যতম শাখা সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

............ডিক্রীদার।

**-বনাম-**

১. **"মেসার্স কালার ফেব্রিক্স লিমিটেড"**, কারখানা- সং-ছোট রামচন্দ্রদি, নুলাপুর, মাধবী নরসিংদী, অফিস সং- ৫৩/০১, এস এ মালেহ রোড, হাজী প্লাজা (১ম তলা), টানবাজার, নারায়নগঞ্জ।

২. **কে. এম. আলম, চেয়ারম্যান**, "মেসার্স কালার ফেব্রিক্স লিমিটেড", পিতা-মৃত কে এম মতিন, বর্তমান ঠিকানা- ১০, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা।

৩. **জনাব, মোঃ সানাউল হক,** ব্যাবস্থাপনা পরিচালক, "মেসার্স কালার ফেব্রিক্স লিমিটেড" পিতা- আব্দুল মতিন মোল্লা, ঠিকানাঃ ১৭০, মুরাদপুর হাইস্কুল রোড, জুরাইন, ঢাকা-১২০৪।

অনুমোদিত

..................<u>দায়িকগন।</u>

কোর্ট নাজিরের প্রতি,

যেহেতু, দেনাদার নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি দরপত্রের মাধ্যমে বিক্রয়ের জন্য আদেশ দেওয়া হয়েছে সেহেতু নিলাম দরপত্রের কপি জারীর নিমিত্তে আপনার নিকট প্রেরিত হল।

জজ
অর্থ ঋণ ১ম আদালত
নরসিংদী।

তফসিল বর্ণিত সম্পত্তি যেখানে অবস্থিত সেখানে ঢাক, ঢোল পিটিয়ে এবং সম্পত্তির স্থানে এবং পরে কোর্ট প্রাঙ্গনে নিলাম দরপত্রের কপি লটকিয়ে দিবেন এবং পরে সেই সম্পর্কে তারিখসহ একটি প্রতিবেদন আগামী...৩০।৭।২৫........তারিখের পূর্বে আদালতে দাখিল করিবেন।

## <u>তফসিল</u>

০১। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- নরসিংদী সদর, ইউনিয়ন- নুরালাপুর, জে.এল নং- সি.এস-৩৫৬, এস.এ-৯৩, আর.এস-৮৬, মৌজাঃ ছোট রামচন্দ্রদিস্থিত- খতিয়ান নং- সি.এস-৮০/০১, এস.এ-৮৩, আর.এস-১৯১, নামজারী খতিয়ান নং- ৬৯৯, দাগ নং-সি এস ও এস এ-২৩১ (দুইশত একত্রিশ) আর এস-৬০৩ (ছয়শত তিন) নং দাগের ৩১ শতাংশ ভূমি এবং তদস্থিত নির্মিত/নির্মিতব্য ইমারত, স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি, কলকজা ও আনুষঙ্গিক যন্ত্রাংশ, প্রাথমিক মজুদ মালামাল, স্টোর্স এন্ড স্পেয়ার পার্টস ইত্যাদিসহ যাহার চৌহদ্দি-উত্তরে-সুলতান, দক্ষিণে-রাস্থা, পূর্বে-তারা মিয়া, পশ্চিমে-আব্দুল জলিল গং।

০২। জেলা-নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস- নরসিংদী সদর, ইউনিয়ন- নুরালাপুর, জে.এল নং- সি.এস-৩৫৬, এস.এ -৯৩, আর.এস-৮২, মৌজাঃ ছোট রামচন্দ্রদিতি- খতিয়ান নং- সি.এস-১০৪,৯৮, এস.এ-১২৪,১১৮, আর.এস-৩৬,১৬৪, নামজারী খতিয়ান নং- ৭৭৭, দাগ নং-সি এস ও এস এ-২৪৮ (দুইশত আটচল্লিশ) আর এস-২৩০ (দুইশত ত্রিশ) আর এস-৬৪২ (ছয়শত বিয়াল্লিশ), ৬০৫ (ছয়শত পাচ), জমির পরিমাণ (০৬+১৭) = ২৩ (তেইশ) শতাংশ ভূমি। যাহার চৌহদ্দি-উত্তরে-মোবারক ও সামসুল হক গং, দক্ষিণে-কালার ফেব্রিক্স লিমিটেড, পূর্বে-ফিরোজ মিয়া, পশ্চিমে-মোহাম্মদ আলী।

আদেশক্রমে- সেরেস্তাদার (ভাঃ)

যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত

নরসিংদী।